ভোরের কাগজ

61

তারিখ ... JAN. 26 1999 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৩ ......

# কলকাতা বইমেলা উদ্বোধন করতে প্রধানমন্ত্রী কাল পশ্চিমবঙ্গ যাচ্ছেন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কলকাতা বইমেলা উদ্বোধন এবং বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সম্মানসূচক ডি লিট ডিগ্রি গ্রহণের জন্য আগামীকাল বুধবার পশ্চিম বঙ্গের উদ্দেশে যাত্রা করবেন। ঐদিনই প্রধানমন্ত্রী কলকাতায় আন্তর্জাতিক বইমেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন এবং উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেবেন। ইউএনবি।

প্রধানমন্ত্রী বইমেলায় বাংলাদেশ তোরণ ও বাংলাদেশ প্যাভিলিয়নের উদ্বোধনী অনুষ্ঠানেও উপস্থিত থাকবেন। বাংলাদেশ এ বছর কলকাতা বইমেলার 'থিম কান্ট্রি'।

আগামী বৃহস্পতিবার প্রধানমন্ত্রী বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে যাবেন। ভারতের সাবেক প্রধানমন্ত্রী ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আই, কে গুজরাল সেখানে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানাবেন। পরে একটি বিশেষ সমাবর্তন অনুষ্ঠানের মাধ্যমে প্রধানমন্ত্রীকে সম্মানসূচক ডি লিট (দেশীকোত্তম) ডিগ্রি প্রদান করা হবে। তিনি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের বাড়ি ও যাদুঘর পরিদর্শন করবেন।

পরে প্রধানমন্ত্রী জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মস্থান চুরুলিয়া সফরে যাবেন। সেখানে তাকে সংবর্ধনা দেওয়া হবে।

কলকাতায় অবস্থানকালে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতিবসু এবং কেন্দ্রীয় পররাষ্ট্রমন্ত্রী যশোবন্ত সিং প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন। পশ্চিমবঙ্গের গভর্নর প্রধানমন্ত্রীর সম্মানে রাজভবনে সংবর্ধনার আয়োজন করবেন। এ ছাড়াও কলকাতার মেয়র টাউন হলে তার সম্মানে নাগরিক সংবর্ধনার আয়োজন করবেন।

পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি ও ভাষা শহীদ স্মারক সমিতির সদস্যরা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন।